ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩১০৩
খোয়াই, ৩ অক্টোবর, ২০২৫

**খোয়াইয়ে যথাযোগ্য মর্যাদায় মহাত্মা গান্ধীর জয়ন্তী উদযাপন**

গতকাল খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন করা হয়। জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি পীযুষ কান্তি চৌধুরী। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুর পরিষদের শিক্ষা ও স্যানিটেশন স্থায়ী কমিটির সভাপতি মৃতুঞ্জয় নাথ শর্মা, মহকুমা সংস্কৃতি উপদেষ্টা কমিটির সদস্য শুভম আইচ ও নির্ঝর ভৌমিক, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা। অনুষ্ঠানে অতিথিগণ মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অপর্ণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

********